# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬২০

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

## بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدٍ الصَّفَّارُ ، أَخْبَرَنَا إِسْمَاعِيلُ الْقَاضِي ، نَا عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ ، قَالَ قُلْتُ لِعَبْدِ الرَّحْمَنِ بْنِ مَهْدِيٍّ : رَوَى هَذَا الْحَدِيثَ إِبْرَاهِيمُ مُرْسَلًا ؟ فَقَالَ : حَدَّثَنِي شَرِيكٌ ، عَنْ أَبِي هَاشِمٍ ، قَالَ : أَنَا حَدَّثْتُ بِهِ إِبْرَاهِيمَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ . رَجَعَ حَدِيثُ إِبْرَاهِيمَ هَذَا الَّذِي أَرْسَلَهُ إِلَى أَبِي الْعَالِيَةِ ؛ لِأَنَّ أَبَا هَاشِمٍ ذَكَرَ أَنَّهُ حَدَّثَهُ بِهِ عَنْهُ ، قَالَ أَبُو الْحَسَنِ : رَجَعَتْ هَذِهِ الْأَحَادِيثُ كُلُّهَا الَّتِي قَدَّمْتُ ذِكْرَهَا فِي هَذَا الْبَابِ إِلَى أَبِي الْعَالِيَةِ الرِّيَاحِيِّ ، وَأَبُو الْعَالِيَةِ أَرْسَلَ هَذَا الْحَدِيثَ عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَلَمْ يُسَمِّ بَيْنَهُ وَبَيْنَهُ رَجُلًا سَمِعَهُ مِنْهُ عَنْهُ . وَقَدْ رَوَى عَاصِمٌ الْأَحْوَلُ ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ ـ وَكَانَ عَالِمًا بِأَبِي الْعَالِيَةِ وَبِالْحَسَنِ ـ فَقَالَ : لَا تَأْخُذُوا بِمَرَاسِيلِ الْحَسَنِ وَلَا أَبِي الْعَالِيَةِ ؛ فَإِنَّهُمَا لَا يُبَالِيَانِ عَمَّنْ أَخَذَا

বাংলা

৬২০(৪৪). ইসমাঈল ইবনে মুহাম্মাদ আস-সাফফার (রহঃ) ... আলী ইবনুল মাদীনী (রহঃ) বলেন, আমি আবদুর রহমান ইবনে মাহদী (রহঃ)-কে বললাম, এই হাদীস ইবরাহীম (রহঃ) মুরসালরূপে বর্ণনা করেছেন। তিনি বলেন, আমার নিকট শারীক (রহঃ) আবু হাশেম সূত্রে হাদীস বর্ণনা করেন। তিনি বলেন, আমি এই হাদীস ইবরাহীম (রহঃ)-এর নিকট আবুল আলিয়া (রহঃ) সূত্রে বর্ণনা করেছি। ইবরাহীম (রহঃ)-এর হাদীস যা আবুল আলিয়া (রহঃ) সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন, পুনরাবৃত্তি করেন। কেননা আবু হাশেম (রহঃ) উল্লেখ করেছেন যে, তিনি এই হাদীস তার থেকে বর্ণনা করেছেন। আবুল হাসান বলেন, আমি এই অনুচ্ছেদে উদ্ধৃত সবগুলো হাদীস আবুল আলিয়া (রহঃ) আর-রিয়াহীর নিকট পেশ করলাম। আর আবুল আলিয়া এই হাদীস নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে মুরসালরূপে বর্ণনা করেছেন এবং তিনি তার ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মাঝে এমন কোন ব্যক্তির নাম উল্লেখ করেননি, যার কাছে এই হাদীস শুনেছেন। আসেম আল-আহওয়াল (রহঃ) মুহাম্মাদ ইবনে সীরীন (রহঃ) সূত্রে হাদীস বর্ণনা করেছেন। তিনি আবুল আলিয়া ও হাসান (রহঃ) সম্পর্কে জ্ঞাত

ছিলেন। তিনি বলেছেন, তোমরা আল-হাসানের এবং আবুল আলিয়ার মুরসাল হাদীসসমূহ গ্রহণ করো না। কেননা তারা উভয়ে কেমন রাবী থেকে হাদীস গ্রহণ করেন তা যাচাই করেন না।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আলী ইবনুল মাদীনী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80409

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন